

চেয়ারম্যান  
মনোবিজ্ঞান বিভাগ  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ঢাকা ১০০০, বাংলাদেশ।  
ফোন: +৮৮০৯৬৬৬৯১১৪৬৩/৭৬৯০



Chairman  
Department of Psychology  
University of Dhaka  
Dhaka 1000, Bangladesh.  
Phone : +8809666911463/7690  
E-mail : office\_psy@du.ac.bd  
Website : https://du.ac.bd/body/PSY

২৫ ফেব্রুয়ারি, ২০২৫

## বিজ্ঞপ্তি

৩০/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত মনোবিজ্ঞান বিভাগের সমন্বয় ও উন্নয়ন কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক, বিভাগ থেকে সরবরাহকৃত শিক্ষার্থীদের বিভিন্ন সার্টিফিকেট (Studentship, Medium of Instruction Certificate, Testimonial, Exam Appeared Certificate, Character Certificate, Exam Position Certificate) বাবদ পূর্বে নির্ধারিত ফি এর পরিমাণ কমিয়ে নিম্নোক্ত হারে পুনঃনির্ধারণ করা হলো। শিক্ষার্থীরা উক্ত সনদসমূহের জন্য অফলাইন ও অনলাইন উভয় পদ্ধতিতে আবেদন করতে পারবে।

### সাধারণ আবেদন ফি:

সর্বোচ্চ ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সনদ উত্তোলনের ক্ষেত্রে  
অফলাইন আবেদন ফি ২০০/- (দুই শত) টাকা মাত্র (পূর্ববর্তী ফি ৪০০/- টাকা)  
অনলাইন আবেদন ফি ২০০/- (দুই শত) টাকা মাত্র (পূর্ববর্তী ফি ১০০০/- টাকা)

### জরুরী আবেদন ফি:

সর্বোচ্চ ০২ (দুই) কর্মদিবসের মধ্যে সনদ উত্তোলনের ক্ষেত্রে  
অফলাইন আবেদন ফি ৫০০/- (পাঁচ শত) টাকা মাত্র (পূর্ববর্তী ফি ৮০০/- টাকা)  
অনলাইন আবেদন ফি ৫০০/- (পাঁচ শত) টাকা মাত্র (পূর্ববর্তী ফি ২০০০/- টাকা)

### অফলাইনে আবেদনের নিয়মাবলী:

আবেদনের নির্ধারিত ফি জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা থেকে “Psychology Certificates” নামক একাউন্ট (একাউন্ট নম্বর ০১০০২৬৭৯৬৯২৬৯)-এ জমা দিতে হবে। ব্যাংক জমা-রশিদের মূলকপি সহ ০১ টি ফটোকপি বিভাগীয় ল্যাব. টেকনিশিয়ান মোঃ মায়মুন হাসান-এর কাছে জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করতে হবে। পরবর্তীতে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে।

সনদের নাম	প্রয়োজনীয় কাগজ	কপির পরিমাণ
মিডিয়াম অব ইন্সট্রাকশন	সংশ্লিষ্ট বর্ষের মার্কশীট	সত্যায়িত ১ কপি
স্টুডেন্টশীপ	স্টুডেন্ট আইডি কার্ড এবং মার্কশীট	সত্যায়িত ১ কপি
প্রশংসাপত্র	৪র্থ বর্ষ/এম.এস. শ্রেণীর মার্কশীট	সত্যায়িত ১ কপি
চারিত্রিক সনদপত্র	সংশ্লিষ্ট বর্ষের মার্কশীট	সত্যায়িত ১ কপি
এক্সাম এপিয়ার্ড সনদপত্র	৪র্থ বর্ষ/এম.এস. শ্রেণীর পরীক্ষার প্রবেশ পত্র	সত্যায়িত ১ কপি
এক্সাম পজিশন সার্টিফিকেট	৪র্থ বর্ষ/এম.এস. শ্রেণীর মার্কশীট	সত্যায়িত ১ কপি

### অনলাইনে আবেদনের নিয়মাবলী:

আবেদনের নির্ধারিত ফি জনতা ব্যাংকের যেকোন শাখা থেকে পূর্বে বর্ণিত একাউন্টে জমা দিতে হবে। বিভিন্ন সার্টিফিকেট এর জন্য আবেদনপত্রের ফরম বিভাগীয় ওয়েব পেইজ <https://du.ac.bd/body/PSY> এর নোটিশ বোর্ড থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করতে হবে। পূরণকৃত আবেদন ফরম, ব্যাংক জমা-রশিদের মূলকপি ও প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্রের স্ক্যান কপি [dupsychologyonlineservice@gmail.com](mailto:dupsychologyonlineservice@gmail.com) মেইলে প্রেরণ করে বিভাগীয় ল্যাব. টেকনিশিয়ান মোঃ মায়মুন হাসান (ফোন নম্বর ০১৫৭১-২৪১১৫৭)-কে জানাতে হবে। পরবর্তীতে ব্যাংক জমা-রশিদের মূলকপি বিভাগে জমা দিয়ে আবেদনকৃত সনদ সংগ্রহ করতে হবে।

বিঃদ্রঃ শিক্ষার্থীরা একটি আবেদনের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে একাধিক সনদ উত্তোলন করতে পারবে, তবে এক্ষেত্রে প্রতিটির জন্য আলাদা-আলাদা আবেদন ফি জমা দিতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন- ০১৫৭১-২৪১১৫৭ (মোঃ মায়মুন হাসান, ল্যাব টেকনিশিয়ান, মনোবিজ্ঞান বিভাগ)

A.K.M. Rezaul Karim, PhD